

অফিসারদের প্রতি

শিক্ষামন্ত্রী

কেবল চিঠি

পাঠিয়ে

দায়িত্ব পালনের

দিন শেষ

কুমিল্লা, ৮ই মে (বাসস) —
শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান
সামরগ মনুষ্যের কল্যাণ পালনের
জন্য সরকারী কর্মচারীদের প্রতি
পূরনো দৃষ্টিভঙ্গি এবং কাজের
ধরন বাস্তবতার আলোকে পরি-
বর্তন করার আহ্বান জানিয়েছেন।

ডঃ মজিদ খান তাদের আন্ত-
রিক সহযোগিতা, নিষ্ঠা এবং
বিরামহীন প্রচেষ্টার ওপর গুরুতর
আরোপ করেন। তিনি বলেন,
(শেষ পৃঃ ২-এর কঃ দঃ)

শিক্ষামন্ত্রী

(১-এর পঃ পর)

কেবল চিঠি পাঠিয়ে অথবা নোটিশ
জারি করে দায়িত্ব পালনের দিন
শেষ হয়েছে। এখন সামরগ মনু-
ষ্যের পাশে দাঁড়িয়ে তাদের দুঃখ-
কষ্ট দূর করার সময় বলে তিনি
উল্লেখ করেন।

আজ এখানে বাংলাদেশ পল্লী
উন্নয়ন একাডেমীতে চট্টগ্রাম এবং
ঢাকা বিভাগের উন্নীত থানাসমূ-
হের থানা পর্যায়ের অফিসারদের
পঞ্চম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের
উদ্বোধনী অধিবেশনে তিনি ভাষণ
দিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, জাতীয়
স্বাধীনতা, অখণ্ডতা ও-সর্ব-
ভৌমত্ব রক্ষা করা এবং কৃষিজাত
স্বাধীনতার সুফল সামরগ মনু-
ষ্যের কাছে পৌঁছে দেয়াই সরকারের
১৮ দফা কর্মসূচীর মূল দর্শন।
এবং জাতীয় রাজনৈতিক স্থিতি-
শীলতা অনন্ন সহায়তা করা এর
মূল লক্ষ্য বলে তিনি জানান।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান
প্রশাসনিক ব্যবস্থায় জাতীয় এবং
স্থানীয় সরকার হবে পরস্পরের
পরিপূরক। তিনি বলেন, জাতীয়
সরকার অর্থ, প্রযুক্তি এবং
প্রয়োজনীয় নির্দেশ দেবেন এবং
স্থানীয় সরকার পরিকল্পনা প্রণ-
য়ন ও বাস্তবায়ন করবেন।

জনগণের মৌলিক চাহিদা না
মেটানো পর্যন্ত জাতীয় সমস্যা-
সমূহের সমাধান সুদূরপর্যন্তই
থাকবে বলে তিনি উল্লেখ করেন।

কুমিল্লা জেলা প্রশাসক সৈয়দ
আমিনুর রহমান উদ্বোধনী অধি-
বেশনে সভাপতিত্ব করেন। ১১
জন থানা নির্বাহী অফিসারসহ
৫৫টি থানার ১০২ জন থানা
পর্যায়ের কর্মকর্তা দূরসংলগ্নব্যাপী
এই প্রশিক্ষণ কর্মসূচীতে অংশ
নিচ্ছেন।